

## 8.0 নিরীক্ষিত প্রতিষ্ঠানের সংক্ষিপ্ত পরিচিতি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, জেলা পরিষদ, উপজেলা পরিষদ এবং পৌরসভাসহ সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠানের উন্নয়ন কর্মকাণ্ডের নীতিমালা প্রণয়নের দিক-নির্দেশনা ও ব্যয় বরাদ্দ প্রদান করিয়া থাকে। নাগরিক সুবিধা বৃদ্ধি ও নাগরিক জীবনের উন্নতি সাধন যেমন রাস্তাঘাট, পুল-কালভার্ট নির্মাণ, জন্ম-মৃত্যু রেজিস্ট্রেশন, হোল্ডিং নং প্রদান, ব্যবসা বানিজ্য ইত্যাদির লাইসেন্সসহ যে সকল কাজ স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ পরিচালনা করিয়া থাকে উহার নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ হিসাবে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় কাজ করে।